# সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়,

খানাকুল-১ নং ব্লক, আরামবাগ মহকুমা, হুগলী, পিন-৭১২৪০৬

ফোন নং-০৩২১১-২৬৬২৪১

নং- 2909/খানা-2. **বিজ্ঞপ্তি** তাং- 01.09.25

রাজ্য মিশন অধিকর্তা, স্বাস্থ্য মিশন - এর ২৭.০৬.২০১২ তারিখের পত্র নং:- HFW/NRHM 20/2006/Part-II/1631 এবং পশ্চিমবঙ্গ সরকার, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগ-এর ১৬.০৫.২০২৫ তারিখের পত্র নং HFW-27011/216/2018-NHM-SEC-Dept of H&FW/Part-I/1411 অনুযায়ী হুগলী জেলার আরামবাগ মহকুমার, খানাকুল-১ নং সমষ্টি উন্নয়ন আধিকারিকের অর্ন্তগত ব্লকের সংযোজনী - ২ তে উল্লেখিত উপস্বাস্থ্যকেন্দ্রের (পার্শ্বে উল্লিখিত স্থানের) Accredited Social Health Activist আশা (ASHA) নিয়োগের উদ্দেশ্যে ঐ এলাকার অর্ন্তগত স্থানের মহিলা প্রার্থীদের কাছ থেকে উক্ত পদের জন্য নির্দ্দিষ্ট আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

➢ **শর্তাবলী:-**

১) কেবলমাত্র বিবাহিতা/বিধবা/আদালত কর্তৃক আদেশনামা প্রাপ্ত বিবাহ বিচ্ছিন্না মহিলাই আবেদন করতে পারেন।

২) আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট স্থানের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমান স্বরুপ সাম্প্রতিক ভোটার তালিকা অনুসারে প্রার্থীকে তার EPIC বা রেশনকার্ড এর স্ব-প্রত্যয়িত নকল অবশ্যই জমা দিতে হবে। সম্প্রতি বাসস্থান পরিবর্তনকারী প্রার্থীর ক্ষেত্রে তার পরিবারের যোগসূত্র যাচাই করা হবে।

৩) সাধারণ প্রার্থীর বয়স ০১.০১.২০২৫ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশিলী জাতি, তপশিলী উপজাতি ভুক্ত প্রার্থীদের বয়:সীমা ঐ তারিখে ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

৪) প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় অবতীর্ণ হতে হবে, মাধ্যমিক বা সমতুল অবতীর্ণ কিন্তু অনুত্তীর্ণ প্রার্থীরাও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন, এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত নম্বরই বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চ শিক্ষার কোন মূল্যায়ন বিবেচনার সুবিধা থাকবে না।

৫) গ্রেড ওয়ান এবং গ্রেড টু স্বনির্ভর গোষ্টীর সদস্যা, প্রশিক্ষণ প্রাপ্ত দাই এবং লিংকওয়ার্কার গণ সকলেই বিভাগীয় শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকার বিবেচনায় যোগ্য হবেন।

৬) সাবসেন্টার সন্নিহিত গ্রামসমূহের (সারণী দ্রষ্টব্য) ২০১১ সালের জনগণনা (SECC - 2011) তথ্য প্রক্ষেপণ করে তপশিলী জাতি/ উপজাতি অধ্যুষিত সংশ্লিষ্ট স্থানের তপশিলী জাতি/ উপজাতিরা সংখ্যাগরিষ্ট (৫০% এর বেশী সংখ্যাগরিষ্ট) সেখানে প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন তপশিলী জাতি/ তপশিলী উপজাতির আবেদনকারীরা অগ্রাধিকার পাবেন এবং যদি এমন প্রার্থী পাওয়া না যায়, সেক্ষেত্রে সাধারণ প্রার্থীরা মনোনীত হতে পারেন।

৭) আবেদনকারীর আবেদনপত্রের সঙ্গে যে সকল প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত প্রতিলিপি জমা করতে হবে:-

ক) জন্ম তারিখের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ড।

খ) এলাকার বাসিন্দা হিসাবে ভোটার পরিচয় পত্র (EPIC) বা রেশনকার্ড।

গ) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতিগত প্রমাণপত্র (তপশিলী জাতি, উপজাতির ক্ষেত্রে)

ঘ) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশীট।

ঙ) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া গ্রেড ১ ও গ্রেড ২ স্বনির্ভর গোষ্ঠীভুক্ত সদস্য/প্রশিক্ষণ প্রাপ্ত দাই এবং লিংকওয়ার্কার প্রমাণ পত্র।(প্রযোজ্য হলে)

চ) প্রার্থীর স্বাক্ষরসহ ২ কপি পাসপোর্ট সাইজ ফটো। আবেদনপত্রের ছবিতে সামনে নীচের দিকে আড়া আড়ি এবং অন্য ছবিটিতে পিছনের দিকে আড়া আড়ি স্বাক্ষর করতে হবে।

শংসাপত্র গুলির মধ্যে যে কোনো একটি আবেদনপত্রের সঙ্গে যুক্ত না থাকলে আবেদনপত্র বাতিল করা হবে নিয়োগের পুর্বে প্রার্থীকে অবশ্যই (ক) থেকে (ঙ) তে উল্লেখিত প্রমাণপত্র গুলির আসল দেখাতে হবে।

৮) উপরিউক্ত শর্ত পূরণকারী প্রার্থীদের ইন্টারভিউ এর তারিখ, সময় ও স্থান উল্লেখিতপত্র, যোগ্য প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হবে।

৯) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন খারিজ হবে এবং পরবর্তী কালে অনুরোধ - উপরোধ গ্রাহ্য হবে না।

১০) আবেদন পত্র জমা দেওয়ার স্থান:- সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ (বি.ডি.ও.) অফিসে। ডাকযোগে প্রেরিত আবেদনপত্র গ্রাহ্য হবে, তবে তা নিম্নলিখিত সময়সীমার মধ্যে পৌছাতে হবে। (ডাক যোগে আবেদনপত্র প্রেরণের ঠিকানা.- **সমষ্টি উন্নয়ন আধিকারিক, খানাকুল-১ নং ব্লক, ঘাঘরপুর, পোঃ-খানাকুল, জেলা-হুগলী, পিন-৭১২৪০৬**)

১১) আবেদনপত্র জমা দেবার তারিখ :- **০২.০৯.২০২৫ থেকে ১৫.১০.২০২৫** বিকেল ৫:০০ (পাঁচটা) পর্যন্ত (সরকারী ছুটির দিন বাদে) নির্ধারিত অফিস চলাকালিন সময়ের মধ্যে।

১২) আবেদনপত্রটি সংযোজনী-১ এবং ব্লক ভিত্তিক ASHA দের শূন্যপদের তালিকা সংযোজনী-২ তে উল্লেখিত হল।

সমষ্টি উন্নয়ন আধিকারিক

খানাকুল-১ নং ব্লক, খানাকুল, হুগলী

স্মারক সংখ্যা- 2909/1(11)/খানা-১. তাং- 01.09.25

অবগতির জন্য নিম্নলিখিত করণে প্রেরিত হল :

১) মাননীয় সভাধিপতি, হুগলী জেলা পরিষদ, হুগলী।
২) মাননীয়া জেলা শাসক, হুগলী।
৩) মাননীয় অতিরিক্ত জেলা শাসক (স্বাস্থ্য), হুগলী।
৪) মাননীয় জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক, হুগলী।
৫) মাননীয় মহকুমা শাসক আরামবাগ মহকুমা, হুগলী।
৬) সহকারী মুখ্য স্বাস্থ্য আধিকারিক আরামবাগ মহকুমা, হুগলী।
৭) ডি. পি. এইচ. এন. ও, হুগলী।
৮) ডি. পি. ও. (আই. সি. ডি. এস.), হুগলী।
৯) ব্লক স্বাস্থ্য আধিকারিক, খানাকুল গ্রামীন হাসপাতাল, খানাকুল, হুগলী।
১০) এন আই সি, হুগলী অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য প্রেরন করা হল।
১১) আই. টি - কোঅর্ডিনেটর, স্বাস্থ্যভবন, সল্টলেক, কোলকাতা - ৭০০০৯১ - অফিসিয়াল ওয়েবসাইট এ আপলোড করার জন্য প্রেরণ করা হল।

সমষ্টি উন্নয়ন আধিকারিক
খানাকুল-১ নং ব্লক, খানাকুল, হুগলী

সংযোজনী- ১

| For Office Use Only | সাব সেন্টার | পাসপোর্ট মাপের সাম্প্রতিক প্রার্থীর স্বাক্ষরসহ রঙীন ছবি আঠা দিয়ে লাগান। পিন/স্টেপল/সেলাই করবেন না। |
|---|---|---|
| Received on ....../......./2025<br>Index No. ........................<br>Roll No. .......................... | ➡ (অবেদনকারীকেপুরনক রতেহইবে)<br>ASHA পদের আবেদন পত্র<br>প্রতি: সমষ্টি উন্নয়ন আধিকারিক ..................মহকুমা, হুগলী<br>এতদ্বারা নিম্নবিবৃত বিশদ ও সংলগ্নী কৃত নথি সহ আমার আবেদন দাখিল করছি | |

| | | | |
|---|---|---|---|
| আবেদনকারীরনাম | | মহকুমা | |
| স্বামী :- | | পিতা :- | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সাধারণ বসবাসের ঠিকানা | গ্রাম:- | | পোষ্ট:- | | |
| | থানা:- | | জেলা:- | | পিন:- |
| যোগাযোগ টেলিফোননং | Mobile:- | | উপস্বাস্থ্য কেন্দ্র :- | | |
| বৈবাহিক স্থিতি :- | বিবাহিত | | বিবাহ বিচ্ছিন্না | | বিধবা |
| সাবসেন্টার হতে বসবাস ঠিকানার হাঁটা পথদূরত্ব | | | কি.মি. :- | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| নির্বাচক সচিত্র পরিচয় পত্র নং | | SC/ST Certificate নং (প্রযোজ্য হলে) | | Ration Card নং | |

| ০১.০১.২০২৫ তারিখে ভোটার লিস্ট অনুসারে | নাম | বিধানসভা ক্ষেত্রের নাম | অংশ নং | ক্রমিক নং |
|---|---|---|---|---|
| আবেদনকারীর | | | | |
| বিবাহিত জীবিত স্বামীর | | | | |
| বিধবার পিতার | | | | |
| বিবাহ বিচ্ছিন্নার পিতার | | | | |

মাধ্যমিক বা সমতুল পরীক্ষার বিশদ বিবরণ:-

| পরীক্ষারনাম | বোর্ড | পরীক্ষার বসার বৎসর | মোট নম্বর | প্রাপ্ত নম্বর | শতকরা (%) |
|---|---|---|---|---|---|
| | | | | | |

* উচ্চতর শিক্ষাগত যোগ্যতা, (উচ্চ মাধ্যমিক/স্নাতক/স্নাতকোত্তর) যদি থাকে উল্লেখ করুন।..........................................................................

**স্ব-প্রত্যায়িত নকল গথিত**

১) অ্যাডমিট কার্ডের জন্য সাম্প্রতিক প্রার্থীর স্বাক্ষর সহ রঙীন পাসপোর্ট ছবি।
২) ৫ টাকা ডাক টিকিট সহ নিজ ঠিকানা লেখা খাম।
৩) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট /বয়সের প্রমাণ।
৪) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশীট।
৫) ভোটার সচিত্র পরিচয়পত্র(EPIC)/Ration Card.
৬) SC/ST শংসাপত্র (প্রযোজ্যহলে)।
৭) স্বনির্ভর গোষ্ঠী / প্রশিক্ষণপ্রাপ্তদাই এবং লিংকওয়ার্কার এর শংসাপত্র (প্রযোজ্য হলে)।
৮) বর্তমান ভোটার তালিকার অংশ নং, ক্রমিক নং -এর প্রত্যয়িত নকল
৯)উচ্চতর শিক্ষাগত যোগ্যতার (উচ্চ মাধ্যমিক/স্নাতক/স্নাতকোত্তর) শংসাপত্র যদি থাকে।

**ঘোষণা**

আমি পূর্ণ জ্ঞান ও বিশ্বাস সহ ঘোষণা করছি, যে উপরি বর্ণিত তথ্যাদির প্রমান নথি মূল সত্য। কোন তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমাণিত হলে আমি দায়ী থাকব। আমি কোন অসাধু প্রভাব খাটানোর চেষ্টা করলে কর্তৃপক্ষ আমার প্রার্থীপদ খারিজ করে দিতে পারেন।

আবেদনকারীর পূর্ণ সাক্ষর

বি:দ্র:- সঠিক ভাবে আবেদন পত্রটি পূরণ না থাকলে, আবেদন বাতিল হতে পারে।

| ASHA vacancy Status : 2025-26 | | | District : Hooghly | | |
|---|---|---|---|---|---|
| Name of the Sub Division: Arambagh. Name of the Block:- Khanakul-I | | | | | |
| Sl. No | Name of G.P. | Name of SC (SSK) | "Demarcated Service area" of the concern village | Number of vacancy | Remarks (If any) |
| 1 | Pole-I | Velua | Pole (Kumira, Manugoria) | 1 | |

Signature of BMOH

Block Medical Officer of Health
Khanakul Rural Hospital
Hooghly

Block Development Officer
Khanakul-I Dev Block
Khanakul Hooghly